গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর
জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
সুরক্ষা সেবা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।
Email: sirajganjdnc@gmail.com

মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জের কর্মকর্তা/কর্মচারীদের সাথে নভেম্বর/২০২৩ মাসে অনুষ্ঠিত সমন্বয় সভার কার্যবিবরণী:

সভাপতি : আবু আব্দুল্লাহ জাহিদ
সহকারী পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ
তারিখ ও সময় : ৩০ নভেম্বর ২০২৩, সময়ঃ বিকাল ০৩:০০ ঘটিকায়
সভার স্থান : অত্র কার্যালয়ের সম্মেলন কক্ষ
সভায় উপস্থিতি : পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য

সভাপতি উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন।

০২। আলোচ্যসূচি অনুযায়ী নিম্নবর্ণিতভাবে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০১ | মাদক মামলা উদঘাটন | (ক) অক্টোবর/২৩ মাসের মামলার পরিসংখ্যান আলোচনা করা হয়। "ক" সার্কেল নিয়মিত মামলা ০৪ টি ও মোবাইল কোর্ট মামলা ১০ টি, "খ" সার্কেল নিয়মিত মামলা ০৭ টি, মোবাইল কোর্ট ১৩ টি, দুই সার্কেল মিলে মোট মামলা ৩৪ টি। পরিদর্শকগণ স্ব স্ব সার্কেলের অভিযান পরিচালনা ও মামলা উদঘাটনের পরিসংখ্যান আলোচনা করেন এবং উপ পরিদর্শক, সহঃ উপ পরিদর্শক ও সিপাইগণ তাদের অক্টোবর/২৩ মাসের কার্যক্রমের বর্ণনা দেন। অতঃপর সভার সভাপতি বলেন যে, অভিযান ও মামলার পরিমাণ বৃদ্ধি করতে হবে। সেই সাথে বড় মামলা উদঘাটন করার চেষ্টা করতে হবে।<br>(খ) প্রত্যেক উপজেলায় অভিযান ও মামলা করতে হবে। এতে অধিদপ্তরের কার্যক্রমের বিস্তৃতি সম্পর্কে সকলে অবহিত হবেন। | (ক) অভিযান ও মামলা বৃদ্ধি করতে হবে। গোয়েন্দা নজরদারি অব্যহত রাখতে হবে।<br>(খ) প্রত্যেক উপজেলায় মামলা করতে হবে এবং তা নিম্নোক্ত ছকে প্রতি মাসের ০১ তারিখে প্রতিবেদন দাখিল করতে হবে।<br>ছক: উপজেলার নাম ও অভিযানের সংখ্যা \| অভিযানের তারিখ \| মামলার সংখ্যা (নিঃ মাঃ \| মো বাঃ মাঃ) | পরিদর্শক/ উপ-পরিদর্শক/সহকারী উপ-পরিদর্শক/সিপাই/ ওয়ালেস অপারেটর। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ) |
| ০২ | APA | (ক) বার্ষিক কর্ম-সম্পাদন চুক্তির লক্ষ্য অনুযায়ী মামলা ও অভিযান পরিচালনার পাশাপাশি বিভিন্ন স্কুল/কলেজে মাদক বিরোধী গনসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা ও অন্যান্য সূচক নিয়ে আলোচনা করা হয়।<br>(খ) অত্র কার্যালয়ের পরিদর্শক ও উপ পরিদর্শক 'ক/খ' সার্কেল প্রতি মাসে বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে মাসে একটি করে গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করবেন। | (ক) বিভিন্ন উপজেলাতে মামলার পাশাপাশি স্কুল/কলেজে মাদক বিরোধী গনসচেতনতামূলক কার্যক্রম ও শ্রেণী বক্তৃতা প্রদান করতে হবে।<br>(খ) অত্র কার্যালয়ের পরিদর্শক ও উপ পরিদর্শক 'ক/খ' সার্কেল প্রতি মাসে একটি করে গণসচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করবেন। | পরিদর্শক/উপ-পরিদর্শক। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)। |
| ০৩ | সাক্ষ্য প্রদান/সাক্ষ্য প্রদানের তথ্য প্রদান | সাক্ষ্য প্রদানের ক্ষেত্রে সতর্ক থাকতে হবে এবং নিয়মিতভাবে সাক্ষ্য প্রদান করতে হবে যাতে সাক্ষির অভাবে কোন আসামী কোন প্রকার ছাড় না পায়। সাক্ষ্য প্রদানের তথ্য অফিসকে অবহিত করে সাক্ষ্য প্রদানের উদ্দেশ্যে অফিস ত্যাগ করতে হবে। সাক্ষ্য দানকালে ইউনিফর্ম পরিধান করতে হবে। | নিয়মিত ভাবে সাক্ষ্য প্রদান করতে হবে এবং তা অফিসকে অবহিত করতে হবে | পরিদর্শক/উপ-পরিদর্শক/সহকারী উপ-পরিদর্শক/সিপাই। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ) |

CS CamScanner

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ০৪ | ছুটি | অত্র দপ্তরের সকলকে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগের আগে আবশ্যিক ভাবে ছুটির আবেদন দিয়ে অফিস প্রধানকে জানাতে হবে। এবং ছুটি অনুমোদন হওয়ার পর কর্মস্থল ত্যাগ করতে হবে। | আবশ্যিক ভাবে ছুটি অনুমোদন করে ছুটি ভোগ ও কর্মস্থল ত্যাগ করতে হবে। | সকল কর্মকর্তা/কর্মচারী (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)। |
| ০৫ | NIMS | অত্র কার্যালয়ের পরিদর্শক ও উপ পরিদর্শক 'ক/খ' সার্কেল প্রতি মাসে NIMS এ কমপক্ষে একটি করে মামলা ইনপুট দিতে হবে। বারংবার নির্দেশনা প্রদান করা হলেও তা বাস্তবায়িত হচ্ছে না। | প্রতি মাসে NIMS এ প্রতি সার্কেল হতে কমপক্ষে ০১ টি করে মামলা ইনপুট দিতে হবে। | পরিদর্শক/উপ-পরিদর্শক। (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ)। |
| ০৬ | মামলা নিষ্পত্তির তথ্য | অত্র কার্যালয়ের সহকারী প্রসিকিউটরকে প্রতি মাসে আদালত থেকে মামলা নিষ্পত্তির হালনাগাদ তথ্য সংগ্রহ করতে হবে এবং তা কেস রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। এবং প্রতিমাসে তা প্রতিদেন আকারে অত্র কার্যালয় ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, বিভাগীয় কার্যালয়, রাজশাহী বরাবর প্রেরতে করার জন্য বলা হলো। | প্রতি মাসে আদালত থেকে মাদক মামলার নিষ্পত্তির হালনাগাদ তথ্য সংগ্রহ করে কেস রেজিষ্টারে লিপিবদ্ধ করতে হবে। এবং প্রতিবেদন আকারে দাখিল করতে হবে। | (ক) সহকারী প্রসিকিউটর (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, জেলা কার্যালয়, সিরাজগঞ্জ) |

০৩। অত:পর আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩০/১১/২০২৩

(আবু আব্দুল্লাহ জাহিদ)
সহকারী পরিচালক
ফোন: +৮৮০২৫৮৮৮৩০০২৫

নং-৫৮.০২.৮৮০০.০০০.১৮.১৩২.১৫- ৪২৮

তারিখ: ৩০ নভেম্বর, ২০২৩ খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো (জেষ্ঠ্যতার ক্রমানুসারে নয়):
০১। অতিরিক্ত পরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, রাজশাহী।
০২। অফিস কপি।

৩০/১১/২০২৩

(আবু আব্দুল্লাহ জাহিদ)
সহকারী পরিচালক

CamScanner